গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০৮.০৫.০২০.১৬-২৩৯

তারিখ: ১৭ পৌষ ১৪৩০ ব:
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রি:

# অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ চৈত্র ১৪৩০/০৮ এপ্রিল ২০২৩ খ্রি: তারিখের প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ অনুযায়ী উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে ইনোভেশন কমিটি পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ক. | জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি, পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু | ইনোভেশন অফিসার |
| খ. | জনাব মোঃ মাহবুব আলম, সহকারী পরিচালক (মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু | সদস্য |
| গ. | জনাব রাজু কুমার সরকার, সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু | সদস্য |
| ঘ. | জনাব ফরিদা ইয়াসমিন, লাইব্রেরিয়ান, উশিব্যু | সদস্য |
| ঙ. | জনাব মোঃ গোলজার হোসেন, সহকারী প্রোগ্রামার, উশিব্যু | সদস্য |
| চ. | ড. মোছাঃ ফাহমিদা বেগম, উপ-পরিচালক, (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), উশিব্যু | সদস্য-সচিব |

**ইনোভেশন টিমের কার্যপরিধি:**

(১) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;

(২) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;

(৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

(৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয়সাধন;

(৫) প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্নাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র ওয়েবসাইটে প্রকাশ করা।

(৬) ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট সোসাইটি ও স্মার্ট ইকোনমি গড়িতে বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ গ্রহণ, সরকার কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ আত্মীকরণ ও বাস্তবায়ন এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ, তদারকি ও মূল্যায়নের ব্যবস্থাকরণ;

(৭) পরিবর্তনের রূপকার হিসাবে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সেবা প্রদান, অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন;

(৮) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরার আইসিটি, ডিজিটাল লিডারশিপ, ডাটা গভর্নেন্স, ওপেন ডাটা, ডাটা লিডারশিপ, ডাটা এনালাইটিক্স, ডাটা ভিজ্যুয়ালাইজেশন ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মধ্যেমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিতকরণ, ডাটা-ভিত্তিক প্রকেক্ট গ্রহণ, বাস্তবায়ন, তদারকি এবং সরকারি ডাটা সেন্টার ডাটা সংরক্ষণ, ডাটা আদান প্রদানে সহজলভ্যতা নিশ্চিতকরণ, ডাটা-নির্ভর সিদ্ধান্ত গ্রহণের সংস্কৃতির বিকাশ এবং ডাটা লিডারশিপ ও উন্নত প্রযুক্তির প্রয়োগকে অগ্রাধিকার প্রদান এবং সমন্বয়সাধন;

(৯) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের সমন্বয়, নিজ/আওতাধীন দপ্তরে নির্মিত সফটওয়্যারের সোর্স কোড ভেন্ডরের নিকট হইতে বুঝিয়া নেওয়া ও সুরক্ষিতকরণের পদক্ষেপ গ্রহণ, সফটওয়্যার কোয়ালিটি টেস্টিং সার্টিফিকেট নিশ্চিতকরণ, ই-সেবা বাস্তবায়নে 'মাইগভ' এর মাধ্যমে সেবা প্রদান, ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদান এবং দাপ্তরিক কাজে সরকারি ই-মেইল ব্যবহার উদ্বুদ্ধকণ;

প্রযত্নে

(১০) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখিবার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদকরণ এবং আরএমএস ও জিআরএস ব্যবহার নিশ্চিতকরণ;

(১১) সরকারি-বেসরকারি সেবা তৈরিতে নাগরিক ও সরকারের অধিকতর সমন্বয় নিশ্চিতকল্পে ই-পার্টিসিপেশন বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ এবং ই-ইক্যুয়ালিটি নিশ্চিতকরণের মাধ্যমে ডিজিটাল বৈষম্য হ্রাসকল্পে উদ্যোগ গ্রহণ;

(১২) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র উদ্ভাবনী উদ্যোগসমূহে চতুর্থ শিল্প বিপ্লব/অগ্রসরমান প্রযুক্তির প্রয়োগ/ব্যবহার বৃদ্ধিকরণ এবং এই সকল প্রযুক্তিতে সম্পৃক্ত করিয়া নাগরিককেন্দ্রিক স্মার্ট সেবা প্রদান নিশ্চিতকরণ;

(১৩) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কোন উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং সফলভাবে বাস্তবায়িত হইলে সম্ভাব্যতা যাচাইপূর্বক তা স্কেল-আপের ব্যবস্থা গ্রহণ এবং স্কেল-আপ হওয়া সফল উদ্ভবানী উদ্যোগসমূহ অব্যবহত রাখিয়া প্রয়োজনীয় তদারিকি ও সহযোগিতা প্রদান;

(১৪) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কার্য/ সেবার অনুরূপ কোন কার্য/সেবার ক্ষেত্রে অন্যান্য সংস্থার কোন উদ্ভবানী উদ্যোগসমূহ অনুসন্ধান করা এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্য সংস্থার সফল উদ্যোগ প্রয়োজনীয় পরিমার্জনপূর্বক নিজ দপ্তরে অনুকরণ/অনুসরণের জন্য ব্যবস্থা গ্রহণ;

(১৫) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র উদ্ভাবনী উদ্যোগসমূহকে উৎসাহ ও সহযোগিতা প্রদান এবং গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহের "শো-কেসিং"-এর ব্যবস্থা গ্রহণ;

(১৬) নাগরিকসেবা সহজীকরণ (Service Process Simplification) এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;

(১৭) সাইবার নিরাপত্তা ও উপাত্ত সুরক্ষা নিশ্চিকরণে উদ্যোগ গ্রহণ;

(১৮) বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA)-এর আওতায় আইসিটি কার্যক্রমে আদর্শমানে আয়ন (standardization) এবং ইন্টিগ্রেশন ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;

(১৯) জাতীয় আইসিটি নীতিমালা ২০১৮ এ বর্ণিত ICT Action Plan- এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

(২০) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

(২১) তথ্য অধিকার আইন অনুসারে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয়সাধন।

(ড. মোঃ আবুল কালাম আজাদ)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ২২৬৬০১১১০

**কার্যার্থে/জ্ঞাতার্থে:**

১। জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি, পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু, ঢাকা।
২। জনাব মুর্শিদা বেগম, সিস্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। জনাব রিপন কবীর লস্কর, উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু, ঢাকা।
৪। ড. মোছাঃ ফাহমিদা বেগম, উপ-পরিচালক, (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), উশিব্যু
৫। জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু, ঢাকা।
৬। জনাব মোঃ মাহবুব আলম, সহকারী পরিচালক (মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু
৭। জনাব রাজু কুমার সরকার, সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু
৮। জনাব ফরিদা ইয়াসমিন, লাইব্রেরিয়ান, উশিব্যু
৯। জনাব মোঃ গোলজার হোসেন, সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
১০। অফিস কপি।

সদয় জ্ঞাতার্থেঃ

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ:আ: জনাব মোঃ আব্দুল মালেক, উপসচিব, প্রশাসন-১, প্রাগম]